

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়  
বদলগাছী, নওগাঁ।

bbs.badalgachi.naogaon.gov.bd

স্মারক নং-৫২.০১.৬৪০৬.০০০.১০.১৩২.২০-

১৬

তারিখ: ১/০১/২০২০খ্রিঃ

নিয়োগবিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা-২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তে শুধু মাত্র বদলগাছী উপজেলায় স্থায়ী ভাবে বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের বর্তমান ডিপিপি'র মোতাবেক সম্মানী ভাতা পাবেন।	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্ট ফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। ৭) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	প্রকল্পের বর্তমান ডিপিপি'র মোতাবেক সম্মানী ভাতা পাবেন।	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। ৭) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।

শর্তাবলী:

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.badalgachi.naogaon.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.naogaon.gov.bd) থেকে ও সংগ্রহ করা যাবে।
- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশি) খানার তালিকা করবেন।
- লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্ট ফোন রয়েছে এবং স্মার্ট ফোন পরিচালনায় দক্ষতা আছে এমন প্রার্থীই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষ জনক হলে তারা মূল শুমারিতে ও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- প্রার্থীকে সরকারী/বেসরকারী কোন প্রকল্পে যেমনঃ ন্যাশনাল সার্ভিস, স্কুল, কিডস গার্ডেনে নিয়োজিত থাকা যাবে না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডান পার্শ্বে পদের নাম এবং নিজ ইউনিয়নের নাম উল্লেখ পূর্বক আগামী ১২/০১/২০২০ খ্রিঃ হতে ২০/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান হবে না।
- শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়া ও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে ও প্রকাশ করা হবে।
- ইউনিয়ন ভিত্তিক লিখিত/মৌখিক পরীক্ষার তারিখ নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক ভাবে বাতিল হয়ে যাবে।
- আবেদন পত্রের সাথে নিম্নের সকল কাগজপত্র সত্যায়িত করে জমা দিতে হবে।
  - সদ্য তোলা পাস পোর্ট সাইজের- ০১ (এক) কপি ও স্ট্যাম্প সাইজের ০১ (এক) কপি ছবি।
  - জাতীয় পরিচয়পত্র (এন.আই.ডি.)- ০১ (এক) কপি ফটোকপি।
  - জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
  - সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত কপি।
- পূর্ববর্তী শুমারি কাজের অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২/০১/২০২০

(মুহাঃ আবু তাহির)  
উপজেলা নির্বাহী অফিসার

ও  
সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর  
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি  
বদলগাছী, নওগাঁ।